

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১০৮১

৫/ সালাত কায়িম করা ও নিয়ম-কানুন (كتاب إقامة الصلاة والسنة) পরিচ্ছেদঃ ৫/৭৮. জুমু'আহর সালাত ফরয।

بَابِ فِي فَرْضِ الْجُمْعَةِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ نُمَيْرٍ، حَدَّثَنَا الْوَلِيدُ بْنُ بُكَيْرٍ أَبُو خَبَّابٍ، حَدَّثَنِي عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ الْعُدَوِيُّ، عَنْ عَلِيّ بْنِ زَيْدٍ، عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيَّبِ، عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ، قَالَ خَطَبَنَا رَسُولُ اللَّهِ ـ صلَى الله عليه وسلم ـ فَقَالَ " يَا أَيُّهَا النَّاسُ تُوبُوا إِلَى اللَّهِ قَبْلَ أَنْ تُشْغَلُوا وَصِلُوا الَّذِي بَيْنَكُمْ وَبَيْنَ رَبِّكُمْ بِكَثْرَةِ تَمُوتُوا وَبَادِرُوا بِالأَعْمَالِ الصَّالِحَةِ قَبْلَ أَنْ تُشْغَلُوا وَصِلُوا الَّذِي بَيْنَكُمْ وَبَيْنَ رَبِّكُمْ بِكَثْرَةِ نَمُوتُوا وَبَاللَّهُ عَلَيْكُمْ لَهُ وَكَثْرَةِ الصَّدَقَةِ فِي السِّرِ وَالْعَلاَئِيةِ تُرْزَقُوا وَتُنْصَرُوا وَتُجْبَرُوا وَاعْلَمُوا أَنَّ اللَّهَ قَدِ افْتَرَضَ عَلَيْكُمُ الْجُمُعَةَ فِي مَقَامِي هَذَا فِي يَوْمِي هَذَا فِي شَهْرِي هَذَا مِنْ عَامِي هَذَا إِلَى يَوْمِ الْقِيَامَةِ فَمَنْ تَرَكَهَا فِي مَقَامِي هَذَا فِي يَوْمِي هَذَا فِي شَهْرِي هَذَا مِنْ عَامِي هَذَا إِلَى يَوْمِ الْقِيَامَةِ فَمَنْ تَرَكَهَا فِي مَقَامِي هَذَا فِي يَوْمِي هَذَا فِي شَهْرِي هَذَا مِنْ عَامِي هَذَا إِلَى يَوْمِ الْقِيَامَةِ فَمَنْ تَرَكَهَا فِي مَقَامِي هَذَا فِي سَهُوعِي مَا اللَّهُ عَلَيْهِ أَلُو لَوْ جَائِرٌ اسْتِحْفَاقًا بِهَا أَوْ وَلَا صَوْمَ لَهُ وَلَا عَلَيْهِ أَلَا لَا تَوْمُ مَا اللَّهُ عَلَيْهِ أَلَا لاَ تَوْمُونَ الْمَالِي يَخَافُ سَيْفَهُ وَلَا عَلَى اللَّهُ عَلَيْهِ أَلَا لاللَّهُ عَلَيْهِ أَلَا لاَ تَوْمُ مَنَ الْمَلَالَ فِي مَا عَلَيْهِ أَلَا لاَ تَوْمَ فَي اللَّهُ عَلَيْهِ أَلَا لاَ تَوْمُ فَي اللَّهُ عَلَيْهِ أَلَا لاَ تَوْمُ مَا عَلَيْهِ وَلاَ عَلَيْهِ أَلَا لَكُو اللْهَانِ مِي مُلْعَلَى إِلَا مَلَا اللهَ اللهُ عَلَيْهُ أَلَا لَا تَوْمُ مَا عَلَيْهُ وَلَا صَوْمَ اللَّهُ اللَّهُ الْمَاعِلُ اللَّهُ اللهُ اللهُ عَلَيْهُ اللَّهُ اللهُ اللهُ عَلَيْهُ ا

বাংলা

১/১০৮১। জাবির ইবনু আবদুল্লাহ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের উদ্দেশে ভাষণ দেন। তিনি বলেনঃ হে মানবমন্ডলী! তোমরা মরার পূর্বেই আল্লাহ্র নিকট তওবা করো এবং কর্মব্যস্ত হয়ে পড়ার পূর্বেই সৎ কাজের দিকে দ্রুত ধাবিত হও। তাঁর অধিক যিকরের মাধ্যমে তোমাদের রবের সাথে তোমাদের সম্পর্ক স্থাপন করো এবং গোপনে ও প্রকাশ্যে অধিক পরিমাণে দান-খয়রাত করো, এজন্য তোমাদের রিযিক বাড়িয়ে দেয়া হবে, সাহায্য করা হবে এবং তোমাদের অবস্থার সংশোধন করা হবে।

তোমরা জেনে রাখো, নিশ্চয় আল্লাহ তাআলা আমার এই স্থানে আমার এই দিনে, আমার এই মাসে এবং আমার



এই বছরে তোমাদের উপর কিয়ামতের দিন পর্যন্ত জুমুআহর সালাত (নামায/নামাজ) ফর্য করেছেন। অতএব যে ব্যক্তি আমার জীবদ্দশায় বা আমার ইন্তেকালের পরে, ন্যায়পরায়ণ অথবা যালেম শাসক থাকা সত্ত্বেও জুমুআহর সালাত তুচ্ছ মনে করে বা অস্বীকার করে তা বর্জন করবে, আল্লাহ তার বিক্ষিপ্ত বিষয়কে একত্রে গুছিয়ে দিবেন না এবং তার কাজে বরকত দান করবেন না।

সাবধান! তার সালাত, যাকাত, হাজ্জ (হজ্জ), সাওম (রোযা/রোজা/সিয়াম/ছিয়াম) এবং অন্য কোন নেক আমল গ্রহণ করা হবে না, যতক্ষণ না সে তওবা করে। যে ব্যক্তি তওবা করে, আল্লাহ তাআলা তার তওবা কবূল করেন। সাবধান! নারী পুরুষের, বেদুইন মুহাজিরের এবং পাপাচারী মুমিন ব্যক্তির ইমামতি করবে না। তবে স্বৈরাচারী শাসক তাকে বাধ্য করলে এবং তার তরবারি ও চাবুকের ভয় থাকলে স্বতন্ত্ব কথা।

English

It was narrated that Jabir bin 'Abdullah said:

"The Messenger of Allah (ﷺ) delivered a sermon to us and said: 'O people! Repent to Allah before you die. Hasten to do good deeds before you become preoccupied (because of sickness and old age). Uphold the relationship that exists between you and your Lord by remembering Him a great deal and by giving a great deal of charity in secret and openly. (Then) you will be granted provision and Divine support, and your condition will improve. Know that Allah has enjoined Friday upon you in this place of mine, on this day, in this month, in this year, until the Day of Resurrection. Whoever abandons it, whether during my lifetime or after I am gone, whether he has a just or an unjust ruler, whether he takes it lightly or denies (that it is obligatory), may Allah cause him to lose all sense of tranquility and contentment, and may He not bless him in his affairs. Indeed, his prayer will not be valid, his Zakat will not be valid, his Hajj will not be valid, his fasting will not be valid, and his righteous deeds will not be accepted, until he repents. Whoever repents, Allah will accept his repentance. No woman should be appointed as Imam over a man, no Bedouin should be appointed as Imam over a Muhajir, no immoral person should be appointed as Imam over a (true) believer, unless that is forced upon him and he fears his sword or whip."

ফুটনোট

তাহকীক আলবানী: যঈফ। তাখরীজ আলবানী: ইরওয়াহ ৫৯১। উক্ত হাদিসের রাবী ১. ওয়ালীদ বিন বুকায়র আবু জান্নাব সম্পর্কে ইমাম দারাকুতনী বলেন, তিনি প্রত্যাখ্যানযোগ্য। ২. আবদুল্লাহ বিন মুহাম্মাদ আদ আদাবী সম্পর্কে ওয়াকী ইবনুল জাররাহ বলেন, তিনি বানিয়ে হাদিস বর্ণনা করেন। ইমাম বুখারী ও আবু হাতিম আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায় মুনকার। ইবনু হিব্বান বলেন। তার হাদিস দ্বারা দলীল গ্রহণযোগ্য হবে না। ইমাম দারাকুতনী



তাকে প্রত্যাখ্যান করেছেন,

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন